মানবতাবিরোধী মামলায় ৫ বছরের সাজা খালাস চেয়ে সাবেক আইজিপির আপিল



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের মামলায় দেওয়া পাঁচ বছরের কারাদণ্ড থেকে অব্যাহতি চেয়ে আপিল করেছেন মামলার রাজসাক্ষী সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন। সোমবার তিনি সুপ্রিম কোর্টের সংশ্লিষ্ট শাখায় এ আপিল আবেদন দাখিল করেন।

আবদুল্লাহ আল মামুনের পরিবারের পক্ষ থেকে আপিলের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এর আগে গত ১৭ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ ছাত্র–জনতার গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় তাকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড দেন। ওই মামলায় আসামি থাকা অবস্থায় তিনি পরে রাজসাক্ষীতে পরিণত হন।

একই মামলার একটি অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড প্রদান করা হয়। অপর আরেকটি অভিযোগে তাদের দুজনের জন্য আমৃত্যু কারাদণ্ড ঘোষণা করা হয়। পরবর্তীতে আমৃত্যু কারাদণ্ডের আদেশের বিরুদ্ধে মৃত্যুদণ্ড চেয়ে রাষ্ট্রপক্ষ আপিল করে।

LENS ASIA